গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-৪১০-বিচার-৩/১ডি-০৪/২০১৬,

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ ।
০৬ জুন, ২০১৭ খ্রিঃ ।

## প্রজ্ঞাপন

যেহেতু, কক্সবাজারের সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে পিরোজপুরের যুগ্ম-জেলা ও দায়রা জজ জনাব মোহাম্মদ মাহাবুবুর রহমান এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৪/২০১৬ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মোহাম্মদ মাহাবুবুর রহমান এর বিরুদ্ধে রুজুকৃত ০৪/২০১৬ নং বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তার তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমানিত হয়নি বিধায় তাঁকে উক্ত বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের প্রস্তাবে একমত পোষন করেন ।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে কক্সবাজারের সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে পিরোজপুরের যুগ্ম-জেলা ও দায়রা জজ জনাব মোহাম্মদ মাহাবুবুর রহমান-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৪/২০১৬ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাঃ-
(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব

নং-৪১০/১(৯)- বিচার-৩/১ডি-০৪/২০১৬,

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ ।
০৬ জুন, ২০১৭ খ্রিঃ ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা ।
২। জেলা ও দায়রা জজ, কক্সবাজার/পিরোজপুর ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। জনাব মোহাম্মদ মাহাবুবুর রহমান, বিচারক (যুগ্ম-জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, পিরোজপুর ।
৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ,আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা ।
(উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।

০৬/০৬/১৭
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১